গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১৬.২৫-৩৮

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ ইব্রাহিম, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনায় কর্মরত থাকা অবস্থায় সরকারি বাসায় বসবাস করেন। তার বসবাসকৃত সরকারি বাসার মালামাল খুলে নিয়ে যাওয়া সংক্রান্ত একটি ভিডিও গণমাধ্যমে ও একটি প্রতিবেদন 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় গত ১৬/১০/২০২৫ তারিখ প্রকাশিত হয়। তাকে ১৫/০১/২০২৫ তারিখে রাঙামাটি গণপূর্ত সার্কেল, রাঙামাটিতে বদলি করা হয়। তার নামে বরাদ্দকৃত সরকারি বাসাটি হস্তান্তর না করা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বাসার দরজা, জানালা ইত্যাদি খুলে নেয়ার ফলে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রতিবেদন প্রকাশিত হওয়ায় গণপূর্ত বিভাগ, পাবনার ভাবমূর্তি নষ্ট করা এবং সরকারি বাসার ক্ষতি সাধন করার জন্য তিনি সম্পূর্ণরূপে দায়ী। এ বিষয়ে তদন্ত কমিটি প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হয়। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০৩/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৬/১১/২০২৫ তারিখ লিখিত জবাব দাখিল করেন। তিনি জবাবে জানান যে, বাসাটির দরজা জানালা মেরামতপূর্বক নিজ দায়িত্বে সংযোজন করে বাসাটির দখল বিগত ১৯/১০/২০২৫ তারিখ হস্তান্তর করেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, পাবনা গণপূর্ত বিভাগ কর্তৃক ০৯/১১/২০২৫ তারিখের পত্রে জানান যে, জনাব মোঃ ইব্রাহিম এর বসবাসকৃত সরকারি বাসার মালামাল ইতোমধ্যে সংযোজন করে বাসাটি পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা হয়েছে এবং বিগত ১৯/১০/২০২৫ তারিখে বাসাটির দখল হস্তান্তর করা হয়েছে। পরবর্তীতে, গত ১৩/০১/২০২৬ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তার লিখিত বক্তব্য, নথিপত্র, অভিযুক্তের জবাব এবং অপরাধের মাত্রা পর্যালোচনাক্রমে লঘুদণ্ড প্রদান যৌক্তিক ও ন্যায়ানুগ মনে হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

০৩। সেহেতু, জনাব মোঃ ইব্রাহিম, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা (বর্তমানে রাঙামাটি গণপূর্ত সার্কেল, রাঙামাটি) এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৫ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ (ক) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো। একইসাথে এ মন্ত্রণালয়ের ০৫/১১/২০২৫ তারিখের ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১৬.২৫-৪৫৯ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
১৯/০১/২০২৬
মোঃ নজরুল ইসলাম
সচিব

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১৬.২৫-৩৮(০৯)

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপসচিব (প্রশাসন শাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৮। জনাব মোঃ ইব্রাহিম, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা (বর্তমানে রাঙ্গামাটি গণপূর্ত সার্কেল, রাঙ্গামাটি)।

০৯। অফিস কপি/মাস্টার ফাইল।

২৯/০১/২০২৬

মোছা: লুৎফুন নাহার নাজীম
উপসচিব
টেলিফোন: ০২২২৩৩৮৯০০৬
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd

F:/Proggapon-2025/ju doc/135


...প্রকৌশলীর কার্যালয়
... এম আই এস বিভাগ-২, ঢাকা।
তারিখ ঃ- ৩/২/২৫
গ্রহণকারী ঃ-
সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

তারিখ: ১৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০১০৪.২৫.৩৭

**বিষয়: পৃষ্ঠাঙ্কন ২৮ জানুয়ারি ২০২৬**

পূর্ব পৃষ্ঠার বর্ণিত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

৩০-০১-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
ফোন : ০২২২৩৩৮০৯৯৯
ফ্যাক্স : ০২-৯৫৫৬৬৬৮
ইমেইল : se_est@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত জোন, চট্টগ্রাম।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাঙ্গামাটি গণপূর্ত সার্কেল, রাঙ্গামাটি।

৩। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী, পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা।

৫। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অবগতির জন্য।

৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাঙ্গামাটি।

১০। জনাব মোঃ ইব্রাহিম, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), সাবেক পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা, বর্তমানে রাঙ্গামাটি গণপূর্ত সার্কেল, রাঙ্গামাটি এবং

১১। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।